জনকণ্ঠ

তারিখ ... AUG. 02-2006 ...
পৃষ্ঠা ২ কলাম ৫

# প্রাথমিক থেকে কলেজ পর্যন্ত বেসরকারী শিক্ষা কার্যক্রম অচল ॥ অবরোধ যানজট

## আজ মুক্তাঙ্গনে সমাবেশ

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসার পাশাপাশি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়েও সোমবার থেকে লাগাতার ধর্মঘট শুরু হওয়ায় প্রাথমিক থেকে কলেজ পর্যন্ত সমস্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান কার্যত অচল হয়ে পড়েছে। শিক্ষকরা সরকারের প্রতিশ্রুতি পূরণের দেয়ায় পরিস্থিতি দিন দিন জটিল হচ্ছে। তবে আন্দোলনকারী শিক্ষক সংগঠনের সঙ্গে সরকারের বিক্ষিপ্ত আলোচনাও শেষ পর্যায়ে। এখন সরকার

## প্রাথমিক থেকে কলেজ

(প্রথম পাতার পর)

দাবি পূরণের ব্যাপারে কি ঘোষণা দেয় সেদিকেই চেয়ে আছেন ধর্মঘটি পাঁচ লক্ষাধিক শিক্ষক কর্মচারী। শিক্ষা মন্ত্রণালয় থেকে বলা হচ্ছে, সবার সঙ্গে আলোচনা শেষ হলে প্রধানমন্ত্রীর কাছে বিস্তারিত জানানো হবে। তিনিই এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন। আলোচনার শেষ পর্যায়ে মঙ্গলবার রাতে সরকারবিরোধী বলে পরিচিত জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের সঙ্গে আলোচনা হলেও কোন ফল হয়নি। আলোচনায় শিক্ষামন্ত্রী 'ফ্রন্টের বক্তব্য' দাবি পূরণে সরকার আন্তরিক নয় বক্তব্য প্রত্যাহার করতে বললে শিক্ষকরা তাঁদের বক্তব্য প্রত্যাহার না করে আলোচনা শেষ করে চলে আসেন। অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে একুশ সদস্যের প্রতিনিধিত্ব দল প্রধানমন্ত্রীর দফতরে আলোচনায় যায়। এতে করে আন্দোলনকারী শিক্ষক কর্মচারী সংগঠনের মূল চারটি মোর্চার সঙ্গেই সরকারের আলোচনা শেষ। এখনও যদি সরকার দাবি পূরণের ব্যাপারে সিদ্ধান্ত না নেয় তবে পরিস্থিতি আরও কঠিন রূপ নেবে। আন্দোলনকারী শিক্ষক সংগঠনগুলো আলোচনা ও ধর্মঘটের পাশাপাশি নানা কর্মসূচী অব্যাহত রেখেছে। আজ মুক্তাঙ্গনে সমাবেশ হবে।

জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট মঙ্গলবার এক ঘণ্টার জন্য দেশব্যাপী জেলা সদরে সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচী পালন করেছে। ফ্রন্টের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশেই স্বতঃস্ফূর্তভাবে অবরোধ কর্মসূচী পালিত হয়েছে। তাদের দাবি, এলেঙ্গায় যমুনা সংযোগস্থল অবরোধে এক ঘণ্টার জন্য যান চলাচল বন্ধ ও উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। বরিশাল বিভাগে সকাল এগারোটার আগে কোন লঞ্চ টার্মিনাল থেকে ছাড়েনি। বিভিন্ন জায়গা থেকে জনকণ্ঠের স্টাফ রিপোর্টার, নিজস্ব সংবাদদাতারা গণঅবরোধের খবর পাঠিয়েছেন। মাদারীপুরে প্রায় পাঁচ হাজার শিক্ষক কর্মচারী দুপুর বারোটায় ফরিদপুর-বরিশাল মহাসড়কের মস্তফাপুর বাসস্ট্যান্ডে অবরোধ শুরু করলে মহাসড়কের তিন প্রান্তে প্রায় দুই সহস্রাধিক যানবাহন আটকে পড়ে। এক ঘণ্টার কর্মসূচীতে নওয়াবজান মিয়ার সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। ফরিদপুরে সকাল এগারোটায় ফরিদপুর-ঢাকা-ফরিদপুর-খুলনা মহাসড়কের মূল পয়েন্ট রাজবাড়ী রাস্তার মোড়ে অবস্থান নেয়ায় দু'পাশে তীব্র যানজটের সৃষ্টি হয়। পিরোজপুর হুলারহাট সড়কের সিও অফিস নামক স্থানে শিক্ষকরা এক ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। নীলফামারীসহ আরও বিভিন্ন জায়গায় অবরোধ কর্মসূচী পালনের খবর পাওয়া গেছে।

মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসার পাশাপাশি চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির (মনসুর) ডাকে শুরু হওয়া অবিরাম ধর্মঘটের প্রথম দিন মঙ্গলবার দেশের বেশির ভাগ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ই বন্ধ হয়ে গেছে।

রেজিস্টার্ড প্রাথমিক স্কুলে ধর্মঘটের ডাক দেয়া বেসরকারী শিক্ষক সমিতির সভাপতি গোলাম মোহাম্মদ ও মহাসচিব মোঃ মনসুর আলী এক বিবৃতিতে ধর্মঘট পালনে শিক্ষকদের অভিনন্দন জানান। একই বিবৃতিতে জানানো হয়, আগামীকাল বৃহস্পতিবার ঢাকার মুক্তাঙ্গনে মহাসমাবেশ, প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও এবং আমরণ অনশন শুরু করবে। একই দাবিতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি (বাক্সু) আজ দু'টায় কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ, প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ এবং বিকাল চারটা থেকে লাগাতার অবস্থান ধর্মঘট শুরু করবে। একই সঙ্গে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরাও মঙ্গলবার থেকে অবিরাম ধর্মঘট শুরু করেছে। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের এক সপ্তাহের মধ্যে দাবি পূরণের